

সুন্দরবন ব-দ্বীপ

- গঙ্গা, ব্রহ্মপুত্র ও মেঘনা নদীর সংগমস্থলে এই ম্যানগ্রোভ অরণ্যটি গঠিত হয়েছে। ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের হুগলী নদী অববাহিকা পর্যন্ত ইহার বিস্তৃতি।
- সুন্দরবন ম্যানগ্রোভ অরণ্যটি 10,000 বর্গকিমি অঞ্চল জুড়ে বিস্তৃত, যার মধ্যে পশ্চিমবঙ্গের উত্তর 24 পরগণা ও দক্ষিণ 24-পরগণা জেলায় 4,260 বর্গকিমি অঞ্চল জুড়ে বিস্তৃত।
- এই অরণ্যের মধ্যে মোট 453 রকমের প্রাণীজ বন্যপ্রাণ প্রজাতি আছে, যার মধ্যে 290টি পাখি, 120টি মাছ, 42টি স্তন্যপায়ী 35টি সরীসৃপ এবং 8টি উভচর প্রজাতির প্রাণী আছে।
- 2007 সালে ঘূর্ণিঝড় সিদর সুন্দরবনের 40% ক্ষতিগ্রস্ত করে এবং 2009 সালে আইলা সুন্দরবনে অভূতপূর্ব ক্ষয়ক্ষতি ঘটায়।
- 1997 সালে এই অরণ্য UNESCO ওয়ার্ল্ড হেরিটেজ সাইট হিসেবে তালিকাভুক্ত হয়। সুন্দরবন জাতীয় উদ্যান : ব-দ্বীপ অঞ্চলটি ম্যানগ্রোভ গাছের ঘন অরণ্যে ঢাকা এবং ইহা রয়্যাল বেঙ্গল টাইগার ও লবণাক্ত জলের কুমিরের বৃহত্তম সংরক্ষিত এলাকা। সুন্দরী গাছ ছাড়াও এই অরণ্যে রয়েছে Avicennia, Xylocarpus mekongensis, Xylocarpus gramatum, Bruguiera gymnorhiza, Ceriops decandra, Nypa function প্রভৃতি উদ্ভিদ।
- এই সুন্দরবন বায়োস্ফিয়ার রিজার্ভটি জাতীয় উদ্যান হিসাবে 1984 সালে, ব্যাঘ্র সংরক্ষণ হিসাবে 1973 সালে এবং ওয়াইল্ড লাইফ স্যাংচুয়ারী হিসাবে 1977 সালে স্বীকৃতি লাভ করে।”

সুন্দরবন অভয়ারণ্য :

- ইহা একটি UNESCO ওয়ার্ল্ড হেরিটেজ সাইট। এই অঞ্চলের ম্যানগ্রোভ বনভূমির মধ্যে অন্যতম উদ্ভিদগুলি হল—গেঁওয়া (Excoecaria agallocha), গরাণ (Ceriops tagal), হানতাল পাম (Phoenix paludosa) প্রভৃতি। এরা শুষ্ক মাটি, নদীর পাড়ে ও খাঁড়িতে জন্মায়।
- রয়্যাল বেঙ্গল টাইগার ছাড়াও বুনো শূকর, চিতল হরিণ (Spotted deer) ও ম্যাকাও বানর প্রভৃতি স্তন্যপায়ী প্রাণীর দেখা মেলে। উপকূলবর্তী অঞ্চলে ১টি প্রজাতির সামুদ্রিক কচ্ছপ এবং 2টি বিলুপ্তপ্রায় প্রজাতির এসচুয়ারিন কুমীর ও ভারতীয় অজগরের (Python) সন্ধান পাওয়া যায়।

সুন্দরবন পূর্ব অভয়ারণ্য :

এই অঞ্চলের উদ্ভিদগুলির মধ্যে সর্বাধিক আধিপত্য বিস্তার করেছে সুন্দরী গাছ (Heritiera fomes), গেঁওয়া (Excoecaria agallocha), পাসুর (Xylocarpus mekongensis), কাঁকড়া (Bruguiera gymnorhiza), শিংগা (Cynometra ramiflora) প্রভৃতি উদ্ভিদ শুষ্ক মৃত্তিকায়, আমুর (Aghaia cucullata) স্যাঁতস্যাঁতে জায়গায়, গরান লবণাক্ত মৃত্তিকায় ও নাইপা পাম নদীর তীরবর্তী অঞ্চলে জন্মায়।

সজনেখালি অভয়ারণ্য :

দক্ষিণ 24-পরগণা জেলার সুন্দরবন ব-দ্বীপ অঞ্চলের উত্তর ভাগের 362 বর্গকিমি. জুড়ে অবস্থিত সজনেখালি অভয়ারণ্য। সুন্দরবনের অধিবাসীরা নানারকম বাংলার লোকগীতি ও লোকনৃত্য উপভোগ করে। এছাড়াও তারা সুন্দরবনে বনবিবি ও দক্ষিণ রাই প্রভৃতি দেবীর উপাসনা করে এবং নিম্নগাঙ্গেয় ব-দ্বীপ অঞ্চলে মনসা ও চাঁদ সওদাগরের উপাসনা হয়ে থাকে।

সুন্দরবনের উল্লেখযোগ্য বিলুপ্তপ্রায় প্রজাতি :

সুন্দরবন অঞ্চলে বসবাসকারী কিছু বিলুপ্তপ্রায় প্রজাতি হল—রয়্যাল বেঙ্গল টাইগার, লবণাক্ত জলের কুমির, নদীর কচ্ছপ, অলিভ রিডলে কচ্ছপ, গঙ্গা নদীর ডলফিন, হক্কাবিল টার্টেল এবং ম্যানগ্রোভ, হর্সসু ক্রাব প্রভৃতি।